



বাংলাদেশ নির্বাচন কমিশন
উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়
বোদা, পঞ্চগড়।

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়
৪নং কাজলদিঘী কালিয়াগঞ্জ ইউনিয়ন পরিষদ এর ৪নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে উপ-নির্বাচন-২০২৪
www.ecs.gov.bd

তারিখ: ১০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নং-১৭.০৮.৭৭২৫.০০০.৪১.০০১.২৪-২২

গণবিজ্ঞপ্তি

যেহেতু জেলা নির্বাচন অফিসার পঞ্চগড় কর্তৃক স্মারক নং-১৭.০৮.৭৭০০.০০০.৩৬.০০১.২৩-৭৬৮; ২৪ জানুয়ারি ২০২৪ খ্রি: তারিখে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা ২০১০ এর বিধি ১০ অনুযায়ী পঞ্চগড় জেলার বোদা উপজেলার ৪নং কাজলদিঘী কালিয়াগঞ্জ ইউনিয়ন পরিষদের শূণ্য ঘোষিত ০৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপ-নির্বাচন অনুষ্ঠানের জন্য সময়সূচির প্রজ্ঞাপন জারি করা হয়েছে।


এক্ষণে, সেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা ২০১০ এর বিধি ১১ অনুযায়ী আমি মোঃ তকদির আলী সরকার, উপজেলা নির্বাচন অফিসার, বোদা, পঞ্চগড় এবং রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য পঞ্চগড় জেলার বোদা উপজেলার ৪নং কাজলদিঘী কালিয়াগঞ্জ ইউনিয়ন পরিষদের শূণ্য ঘোষিত ০৪নং সাধারণ ওয়ার্ডের সদস্য পদে উপ-নির্বাচনের জন্য নিম্নলিখিত সময়সূচি নির্ধারণ করিয়া বিজ্ঞপ্তি জারি করছিঃ

(ক)	রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	: ১৩ ফেব্রুয়ারি ২০২৪ (মঙ্গলবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	: ১৫ ফেব্রুয়ারি ২০২৪ (বৃহস্পতিবার)
(গ)	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	: ২২ ফেব্রুয়ারি ২০২৪ (বৃহস্পতিবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	: ০৯ মার্চ ২০২৪ (শনিবার)

ভোট গ্রহণের সময়: সকাল ০৮:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত ব্যালটের মাধ্যমে বিরতিহীনভাবে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

আমি আরও জানাচ্ছি যে, আগামী ২৫ জানুয়ারি ২০২৪ খ্রি: থেকে ১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত ছুটির দিনসহ সকাল ০৯টা হতে বিকাল ০৪ টা পর্যন্ত ৪নং কাজলদিঘী কালিয়াগঞ্জ ইউনিয়ন পরিষদের শূণ্য ঘোষিত ০৪নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে উপ-নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (উপজেলা নির্বাচন অফিসার, বোদা, পঞ্চগড়) মনোনয়নপত্র গ্রহণ করা হবে।

স্থান : উপজেলা নির্বাচন অফিস, বোদা, পঞ্চগড়।
তারিখ : ২৪ জানুয়ারি ২০২৪ খ্রি:।


(মোঃ তকদির আলী সরকার)
উপজেলা নির্বাচন অফিসার
বোদা, পঞ্চগড়
ও

রিটার্নিং কর্মকর্তা
৪নং কাজলদিঘী কালিয়াগঞ্জ ইউনিয়নের শূণ্য ঘোষিত
৪নং ওয়ার্ডের সাধারণ সদস্য পদে উপ-নির্বাচন-২০২৪

তারিখ: ১০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নং-১৭.০৮.৭৭২৫.০০০.৪১.০০১.২৪-২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, পঞ্চগড়।
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০৪। পুলিশ সুপার, পঞ্চগড়।
- ০৫। জেলা নির্বাচন কর্মকর্তা, পঞ্চগড়।
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোদা, পঞ্চগড়।
- ০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বোদা, পঞ্চগড়।
- ০৮। অফিসার ইনচার্জ, বোদা থানা, পঞ্চগড়।
- ০৯। উপজেলা আনসার ডিডিপি কর্মকর্তা, বোদা, পঞ্চগড়।
- ১০। চেয়ারম্যান, ৪নং কাজলদিঘী কালিয়াগঞ্জ ইউনিয়ন পরিষদ, বোদা, পঞ্চগড়।
- ১১। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, বোদা, পঞ্চগড়।
- ১২। নোটিশ বোর্ড।
- ১৩। অফিস কপি।

//
উপজেলা নির্বাচন অফিসার
বোদা, পঞ্চগড়
ও
রিটার্নিং অফিসার

অফিসের ঠিকানাঃ

উপজেলা নির্বাচন অফিসারের কার্যালয়,
বোদা, পঞ্চগড়।

যোগাযোগ

ফোনঃ ০২৫৮৯৯৪২৩১৪ , মোবাইলঃ ০১৭১৫-৭৪৮৪৪০
ই-মেইলঃ ec.ueo.boda@gmail.com , ওয়েবসাইটঃ www.ec.boda.panchagarh.gov.bd